

অগস্ট 27, 2015

আরবিআই পয়েন্ট-অফ-সেলে টায়ার III থেকে VI কেন্দ্রের জন্য নগদ তোলায় সীমা দ্বিগুন করেছে

আরবিআই পয়েন্ট-অফ-সেলে টায়ার III থেকে VI কেন্দ্রের জন্য নগদ তোলায় সীমা দ্বিগুন করে দিনপ্রতি '₹ '1000/- থেকে '₹ '2000/- করেছে। এই সুবিধা কেবলমাত্র ব্যাঙ্ক কর্তৃক জারি করা ডেবিট কার্ডের জন্য এবং ওপেন সিস্টেম প্রি-পেড কার্ডের জন্য পাওয়া যাবে। এইরকম ভাবা হয়েছে যে বর্ধিত রাশি গ্রাহকের সুবিধায় লাগানো হবে এবং টায়ার III থেকে VI কেন্দ্রে নগদ পূর্ণব্যবহারে সহায়তা দেবে, এমনকি কম নগদ সমাজের দিকে এগিয়ে চলার দিকে ধাক্কাও হবে। ই-পেমেন্ট এবং অন্যান্য সম্পর্কিত অগ্রগতির কথা মাথায় রেখে এই সুবিধার সমীক্ষা করা হবে। টায়ার I এবং টায়ার II কেন্দ্রে দিন প্রতি '₹ '1000/-তে সীমা অপরিবর্তিত থাকবে।

মাশুল কাঠামোতে স্বচ্ছতা আনতে ব্যাঙ্কগুলিকে বলা হয়েছে যে ধার্য গ্রাহক মাশুল, যা হবে, সমস্ত কেন্দ্রে লেনদেন রাশির 1% -এর বেশি হবে না। সব ব্যবসায়ী প্রতিষ্ঠান, যেখানে এই সুবিধা কার্যকর, অবশ্যই সুস্পষ্টভাবে প্রদর্শন/নির্দেশ করবে গ্রাহক কর্তৃক দেয় মাশুল, যদি কিছু থাকে, তা সমেত নগদ তোলায় সুবিধার প্রাপ্যতা। কেনা বা না কেনা নিরপেক্ষভাবে কার্ডধারকগণ এই সুবিধা ব্যবহার করতে পারেন। এটিএম থেকে নগদ টাকা তোলায় মত কার্ডধারকগণ অবশ্যই পয়েন্ট অফ সেলে তাঁদের কার্ড সোয়াইপ করবেন এবং তাঁদের প্রমানের জন্য পিন দেবেন।

মনে করা যেতে পারে যে জুলাই 2009-এ, রিজার্ভ ব্যাঙ্ক ডেবিট কার্ডের জন্য পয়েন্ট অফ সেলে টাকা তুলতে দিয়েছিল। পরবর্তীতে, সেপ্টেম্বর 2013-তে সুবিধাটি ব্যাঙ্ক কর্তৃক জারি করা অগ্রিম অর্থপ্রদান ভিত্তিক কার্ডের ক্ষেত্রে প্রসারিত করা হয়েছিল।

অল্পনা কিল্লাওয়াল
প্রধান মুখ্য মহাপ্রবন্ধক

প্রেস বিজ্ঞপ্তি: 2015-2016/511